

যুগান্তর

প্রিন্ট: ১৬ জুলাই ২০২৫, ০৯:৩৯ এএম

শিক্ষাঙ্গন

আমরা বিভাজিত হলে পরাজিত শক্তি জয়ী হবে: জাবি উপাচার্য



জাবি প্রতিনিধি

প্রকাশ: ১৫ জুলাই ২০২৫, ০৭:১৬ পিএম



ছবি: যুগান্তর

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান
বলেছেন, জুলাই না বাঁচলে আমরা বাঁচব না- এ কথাটি আমাদের বিশ্বাস করতে হবে। আমরা
বিভাজিত হলে পরাজিত শক্তি জয়ী হবে।

সোমবার (১৪ জুলাই) রাতে ‘জুলাইয়ের শপথ, জাহাঙ্গীরনগর মানেই প্রতিরোধ’ শীর্ষক
প্রতিপাদ্যকে সামনে রেখে প্রতিবাদী জমায়েত ও স্মারকস্তুতি স্থাপন অনুষ্ঠানে তিনি এসব কথা
বলেন।

জাবি উপাচার্য বলেন, গোটা বাংলাদেশে দস্যপনা শুরু হয়েছে, এগুলো বন্ধ করতে হবে।
রাজনৈতিক দলগুলোকেও সংস্কারের নামে বিভাজন থেকে বিরত থাকার আহ্বান জানান তিনি।

অনুষ্ঠানের মাধ্যমে জাবি প্রশাসন কর্তৃক গৃহীত জুলাই-আগস্টের বিভিন্ন কর্মসূচির উদ্বোধন করা
হয়। সমাজবিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্তি ডিন ও ৩৬ জুলাই স্বৈরাচার হাসিনার পতন দিবস
উদযাপন-২০২৫ কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. শামছুল আলমের সভাপতিত্বে বিশ্বকবি
রবীন্দ্রনাথ ঠাকুর হলের সামনে প্রতিবাদী জমায়েত ও স্মারকস্তুতি স্থাপন অনুষ্ঠানে উপ-উপাচার্য
(শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মাহফুজুর রহমান, উপ- উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড.
সোহেল আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আবদুর রব বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে ২০২৪ সালের ১৪ জুলাই রাতে বিশ্ববিদ্যালয় হলে ছাত্রলীগ নেতাকর্মীদের দ্বারা
মারধরের শিকার শিক্ষার্থী এবং তাদের উদ্বার করতে আসা শিক্ষার্থীদের মধ্যে অভিজ্ঞতা তুলে
ধরে বক্তব্য রাখেন আশেক মাহমুদ, জাহিদ হাসান, কাউসার আলম আরমান, নাদিয়া রহমান
অন্নেষা, মো. রঞ্জিল, রাকিবুল ইসলাম, আঞ্চুম শাহরিয়ার, আহসান লাবিব, তৌহিদ মো. সিয়াম,
হাসিব জামান, জাহিদুল ইসলাম, আরিফুজ্জামান উজ্জল, আব্দুর রশিদ জিতু, সোহাগী সামিয়া,
সজিব আহমেদ জেনিচ প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালনা করেন প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. মো.
কামরুজ্জামান।